



**Department of
Education**

Chancellor Richard A. Carranza

Elizabeth A. Rose
Chief Executive Officer
School Operations

**52 Chambers Street
New York, NY 10007**

212 374 7868 Tel
212 374 5588 Fax

5 সেপ্টেম্বর, 2018

প্রিয় পরিবারবর্গ এবং কর্মীবৃন্দ:

আমি NYC ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE)-এ চলমান পদক্ষেপ সম্পর্কে একটি হালনাগাদ সংবাদ দিতে চাই এটা নিশ্চিত করতে যে, আমাদের স্কুলগুলোর পানি আমাদের শিক্ষার্থী ও স্টাফদের জন্য নিরাপদ।

প্রথমে ও সবার আগে, নিউ ইয়র্ক সিটির পানি নিরাপদ। পরিবার ও স্কুলকর্মীদের সবাই আশ্বস্ত থাকতে পারেন যে, আমাদের পান করার পানি বিশ্বের সেরা। নিউ ইয়র্ক সিটির পানি সকল ফেডারেল ও স্টেটের মান পূরণ করে বা অতিক্রম করে। তদুপরি, স্কুলগুলোতে নিরাপদ পানি রয়েছে, সেটা যাতে নিশ্চিত করা যায়, DOE অন্যান্য সিটি এজেন্সিগুলোর সেজন্য সাথে কাজ করে। আমাদের সর্বোচ্চ অগ্রবিবেচ্য বিষয় হলো শিক্ষার্থী ও স্কুলকর্মীদের নিরাপত্তা ও কল্যাণ।

স্টেটের আইনের সাথে সামঞ্জস্য রেখে সকল স্কুলকে প্রতি পাঁচ বছর পর পর সীসা পরীক্ষা করতে হয়। এই শরতে DOE আরেক প্রস্থ নতুন পরীক্ষা শুরু করবে, যা সমাপ্ত হবে 2020 সালের ডিসেম্বরে। এর প্রথম পর্যায়ে ভবনের এক তৃতীয়াংশ পরীক্ষা করা হবে।

আপনাদের ভবনটি 2018 সালের জন্য বাছাইকৃত ভবনসমূহের মধ্যে পড়েছে। ভবনটি পরীক্ষা সমাপ্ত হলে এবং ল্যাব-এর ফলাফল পেলে, আপনারা ফলাফলের খবর পাবেন। কোনো ভবনের একটি পানির কলেও যদি নিরাপদ মাত্রার বেশি দূষণ পাওয়া যায়, তাহলে DOE মানসম্মত নীতি অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করবে।

অনুগ্রহ করে প্রতিটি স্কুলে পানীয় পানির নিরাপত্তা নিশ্চিতকরণে আমরা যে কঠোর ব্যবস্থা গ্রহণ করি সে সম্পর্কে আরও জানতে <https://www.schools.nyc.gov/about-us/reports/water-safety> ওয়েবসাইট দেখুন।

আপনাদের বিশ্বস্ত,

Elizabeth A. Rose